# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড : | ১ | ৪ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১. ▶ যুক্তরাষ্ট্রের নাগরিকগণ উৎপাদন ও ভোগের ক্ষেত্রে পূর্ণ স্বাধীনতা ভোগ করে। কিন্তু বাংলাদেশের নাগরিকগণ কোনো কোনো বিশেষ দ্রব্যের উৎপাদন ও ভোগের ক্ষেত্রে স্বাধীনতা ভোগ করে না। ভিন্ন অর্থনৈতিক ব্যবস্থার কারণে দেশ দুটিতে ভিন্ন ব্যবস্থা বিদ্যমান

ক. Oikonomia শব্দের অর্থ কী? ১

খ. আয়ের বৃত্তাকার প্রবাহ বলতে কী বোঝায়? ২

গ. বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থার স্বরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. ভিন্ন অর্থনৈতিক ব্যবস্থায় দ্রব্য ভোগের স্বাধীনতা ভিন্ন-বিশ্লেষণ কর। ৪

২. ▶ হেদায়েত সাহেবের বাড়ি, প্রাকৃতিক গ্যাস, আটলান্টিক মহাসাগর, শিশুপার্ক, বনজ সম্পদ, জাতিসংঘ, নিজস্ব মোবাইল ফোন, ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ।

ক. বিনিয়োগের সংজ্ঞা দাও। ১

খ. অবাধলভ্য ও অর্থনৈতিক দ্রব্যের মধ্যে পার্থক্য নির্দেশ কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সম্পদগুলো মালিকানার ভিত্তিতে শ্রেণিবিভাগ কর। ৩

ঘ. শ্রেণিবিভাগকৃত সম্পদগুলোর মধ্যে যেগুলো জাতীয় সম্পদ বাংলাদেশের অর্থনীতিতে সেগুলোর গুরুত্ব নির্ণয় কর। ৪

৩. ▶ রহিম বাজারে গিয়ে দেখে আলুর দাম প্রতি কেজি ২৫ টাকা। সে ১২০ কেজি আলু কিনে, কিন্তু করিম একই দামে ১৬০ কেজি আলু বিক্রি করতে চায়। পরদিন আলুর দাম কমে ২০ টাকা হওয়াতে রহিম ১৪০ কেজি আলু কিনে এবং করিম ১৪০ কেজি আলু বিক্রি করে।

ক. ভোগের সংজ্ঞা দাও। ১

খ. প্রান্তিক উপযোগ বলতে কী বোঝায়? ২

গ. করিমের আলুর যোগান রেখা অঙ্কন করে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, রহিম ও করিম আলুর বাজারে ভারসাম্য দামে পৌঁছাতে পেরেছে? ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪. ▶সংগঠকের সাফল্য নির্ভর করে তার সাংগঠনিক দায়িত্বের উপর এবং এই দায়িত্ব পালন করতে গিয়ে উৎপাদনকারী বিভিন্ন প্রক্রিয়ায় তার দ্রব্যের উপযোগ সৃষ্টি কর।

ক. ভূমির সংজ্ঞা দাও। ১

খ. সংগঠন চিত্র কী ব্যাখ্যা কর। ২

গ. গম থেকে আটা, গ্রামের সবজি শহরে স্থানান্তর উপরিউক্ত পরিস্থিতিকে উৎপাদনের প্রকারভেদ অনুযায়ী সাজাও এবং সংজ্ঞায়িত কর। ৩

ঘ. সংগঠনের সাংগঠনিক দায়িত্বের উপর উৎপাদন কার্যক্রমের সাফল্য নির্ভর করে- আলোচনা কর। ৪

৫. ▶আদিবা একটি নির্দিষ্ট ব্র্যান্ডের ব্যাগ ব্যবহার করে। সে নতুন একটি ব্যাগ বাজারে কিনতে গেলে দাম আগের চেয়ে অনেক বেশি দেখতে পায়। এর কারণ জানতে চাইলে দোকানি জানায় যে, উক্ত ব্যাগ একটি মাত্র কোম্পানি আমদানি করে। উপায়ন্তর না দেখে আদিবাকে উচ্চ দরে ব্যাগটি ক্রয় করতে হয়।

ক. ফার্ম কী? ১

খ. স্বল্পকালীন দ্রব্যের বাজার বলতে কী বোঝায়? ২

গ. আদিবার ক্রয়কৃত পণ্যটি কোন বাজারের? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে আদিবার ক্রয়কৃত পণ্যের বাজারের পরিধি কতটুকু? বিশ্লেষণ কর। ৪

৬. ▶মোমিন বছরের একটি নির্দিষ্ট সময়ে তার জমিতে ফসল বপন করে। অন্য সময়ে তার কোনো কাজ থাকে না। অন্যদিকে জব্বার তার জমিতে ফসল বপন করে। অন্য সময়ে তার কোনো কাজ থাকে না। অন্যদিকে জব্বার তার জমিতে চাষ করে একাই সে ফসল ফলাতে পারে সেখানে সে তার দুই ছেলে নিয়ে কাজ করে।

ক. CCA-এর পূর্ণরূপ কী? ১

খ. মোট জাতীয় আয় বলতে কী বোঝায়? ২

গ. মোমিনের ক্ষেত্রে কোন ধরনের বেকারত্ব প্রতিফলিত হচ্ছে- ব্যাখ্যা কর। ৩

ঘ. জব্বারের ক্ষেত্রে যে বেকারত্ব পরিলক্ষিত হয় তার প্রান্তিক উৎপাদনশীলতা শূন্য- পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭.▶ কালাম একজন ধনী কৃষক। সে ট্রাক্টর ব্যবহার করায় তার জমিতে বেশি ফসল উৎপাদন হয়। তাকে দেখে তার এলাকার অন্যান্য কৃষকরা ট্রাক্টর কেনার কথা চিন্তা করে। ফলে বাজারে ট্রাক্টরের চাহিদা বৃদ্ধি পায়।


ক. STOL কী? ১

খ. সেবাখাত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের কালামের জমিতে ট্রাক্টর ব্যবহার করায় উৎপাদন বৃদ্ধি পায়- ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষি ও শিল্পখাতের উন্নয়নের উপর দেশের অর্থনৈতিক উন্নয়ন নির্ভরশীল- বিশ্লেষণ কর। ৪

৮.▶




ক. ধাতব মুদ্রা কয় ভাগে বিভক্ত? ১

খ. বিনিময় প্রথা বলতে কী বোঝায়? ২

গ. বিশেষায়িত ব্যাংকগুলোর নামকরণের সার্থকতা ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের কৃষি ও শিল্প উন্নয়ন এবং আত্মকর্মসংস্থানে কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা আলোচনা কর। ৪

Teachingbd.com

৯.▶

| গ্রুপ A | গ্রুপ B | গ্রুপ C |
|---|---|---|
| যুক্তরাষ্ট্র | মালয়েশিয়া | বাংলাদেশ |
| জাপান | তুরস্ক | নেপাল |

ক. বাজেটের সংজ্ঞা দাও। ১

খ. মূল্য সংযোজন কর বলতে কী বোঝায়? ২

গ. গ্রুপ A-এর দেশগুলোর বৈশিষ্ট্য চিহ্নিত কর। ৩

ঘ. গ্রুপ C-এর দেশগুলোর জনগণের মাথাপিছু আয় কম হওয়ার কারণগুলো বর্ণনা কর। ৪

# অর্থনীতি : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : ১ ৪ ১

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. গ্রিক সভ্যতার ইতিহাসে কাকে প্রথম অর্থনীতিবিদ হিসেবে আখ্যায়িত করা হয়?
ক সক্রেটিস খ প্লেটো
গ ম্যালথাস ঘ এরিস্টটল

২. সীমিত-সম্পদ দ্বারা কীভাবে অভাব পূরণ করা সম্ভব?
ক অগ্রাধিকার ভিত্তিতে
খ ঋণ গ্রহণের মাধ্যমে
গ না খেয়ে অন্যান্য অভাব পূরণ করা
ঘ অবৈধ উপায়ে অভাব পূরণ করা

৩. অর্থনীতির প্রধান সমস্যা হলো—
i. অসীম অভাব
ii. সসীম অভাব
iii. সম্পদের দুষ্প্রাপ্যতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদনের মূল লক্ষ্য কী?
ক পণ্য বিক্রয় খ মুনাফা অর্জন
গ মূল্য নির্ধারণ ঘ লাভ-লোকসান নির্ণয়

৫. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদন কার্য পরিচালিত হয়—
i. জাতীয় চাহিদার ভিত্তিতে
ii. সামগ্রিক কল্যাণের জন্য
iii. রাষ্ট্রের সুবিধার জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৬. কোনটি অবস্তুগত সম্পদ?
ক টিভি খ ঘড়ি
গ শিক্ষাদান ঘ চেয়ার

৭. জাতীয় সম্পদের মালিক কে?
ক সরকার খ রাজনৈতিক দল
গ সমগ্র জাতি ঘ রাষ্ট্রপতি

৮. চট্টগ্রামে কুতুবদিয়া দ্বীপে কী পাওয়ার সম্ভাবনা রয়েছে?
ক চীনামাটি খ সিলিকা বালু
গ গন্ধক ঘ চুনাপাথর

৯. কোন উৎস থেকে এখনও এদেশে শক্তি উৎপাদন সম্ভব হয় নি?
ক খনিজ ও প্রাকৃতিক গ্যাস
খ আণবিক ও সৌরশক্তি
গ খনিজ ও সৌরশক্তি
ঘ পানি ও আণবিকশক্তি

১০. একটি নির্দিষ্ট দ্রব্য বার বার ভোগ করতে থাকলে তার প্রান্তিক উপযোগ—
ক বৃদ্ধি পায়
খ কমতে থাকে
গ শূন্য হয়
ঘ সমান হয়

১১. যোগান সূচিতে কিসের প্রতিফলন ঘটে?
ক চাহিদা ও যোগানের বৈষম্য
খ দাম ও চাহিদার বৈষম্য
গ যোগান ও চাহিদার সম্পর্ক
ঘ যোগান বিধি

১২. রহিমউদ্দিন মিস্ত্রী কাঠ দিয়ে বিভিন্ন প্রকার আসবাবপত্র তৈরি করেন। অর্থনীতিতে এ আসবাবপত্র তৈরির কাজটিকে কী বলে?
ক সৃষ্টি খ মূলধন
গ উৎপাদন ঘ যোগান

১৩. বাংলাদেশ কৃষি প্রধান ও জনবহুল দেশ হওয়া সত্ত্বেও উৎপাদনের কোন উপাদানের গুরুত্ব কম?
ক শ্রম ও সংগঠন খ ভূমি ও মূলধন
গ ভূমি ও শ্রম ঘ মূলধন ও সংগঠন

১৪. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধির মূল কথা কী?
ক প্রান্তিক উৎপাদন ক্রমহ্রাসমান
খ গড় উৎপাদন ক্রমহ্রাসমান
গ মোট উৎপাদন ক্রমহ্রাসমান
ঘ প্রান্তিক উৎপাদন ক্রমবর্ধমান

১৫. অর্থনীতিতে বাজার গঠনের পূর্বশর্ত হলো—
i. নির্দিষ্ট স্থান
ii. ক্রেতা ও বিক্রেতার অবস্থান
iii. দর কষাকষি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৬. কোন বাজারের ক্রেতা-বিক্রেতারা বাজার সম্বন্ধে পূর্ণ জ্ঞান রাখে?
ক অলিগোপলি খ ডুয়োপলি
গ মনোপলি ঘ পূর্ণ প্রতিযোগিতা

১৭. কোন বাজারে নতুন ফার্ম প্রবেশের কোন সুযোগ নেই?
ক পূর্ণ প্রতিযোগিতা খ একচেটিয়া
গ অলিগোপলি ঘ ডুয়োপলি

১৮. মোট দেশজ উৎপাদন হিসাব করা হয়—
i. ভৌগোলিক সীমানার মধ্যকার সকল উৎপাদন
ii. বিদেশে অবস্থানরত নাগরিকদের প্রেরিত অর্থ
iii. দেশে অবস্থানরত বিদেশি সংস্থার আয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

১৯. নিট জাতীয় উৎপাদনে বিবেচিত বিষয় হলো—
i. চূড়ান্ত পর্যায়ের দ্রব্য
ii. চূড়ান্ত পর্যায়ের সেবা
iii. মূলধন ব্যবহারজনিত অবচয় ব্যয় বাদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

২০. বাংলাদেশের অর্থনীতিকে কয়টি খাতে বিভক্ত করা হয়?
ক ১০টি   খ ১২টি
গ ১৫টি   ঘ ১৭টি

২১. বিহিত মুদ্রা কী?
ক কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক প্রচলিত মুদ্রা
খ ঋণ-পরিশোধের টাকা
গ ব্যাংক থেকে ঋণ গ্রহণ
ঘ বিদেশ থেকে আগত অর্থ

২২. স্থগিত লেনদেন বলতে কোনটি নির্দেশ করা হয়েছে?
ক ঋণ গ্রহণ করা   খ ভবিষ্যত দেনা পাওনা
গ মূল্য স্থানান্তর   ঘ তারল্যের মান

২৩. বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য কী?
ক ঋণদান করা
খ মুনাফা অর্জন করা
গ অর্থের যোগান দেয়া
ঘ বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা

২৪. কত সালে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৭২   খ ১৯৭৬
গ ১৯৭৩   ঘ ১৯৮৩

২৫. সরকারের 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের অংশীদার কোন ব্যাংক?
ক সমবায় ব্যাংক   খ গ্রামীণ ব্যাংক
গ কৃষি ব্যাংক   ঘ উন্নয়ন ব্যাংক

২৬. বাংলাদেশে কত সালে শিল্পনীতি ঘোষণা করা হয়?
ক ১৯৮৩   খ ২০০১
গ ২০০৮   ঘ ২০১০

২৭. বাংলাদেশের মানুষের প্রত্যাশিত গড় আয়ুষ্কাল কত?
ক ৫৫.২ বছর   খ ৬৭.২ বছর
গ ৭০.২ বছর   ঘ ৭৫.৬ বছর

২৮. ২০০১ সালে বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত ছিল?
ক ২.৪১%   খ ১.৩৪%
গ ২.০৩%   ঘ ১.৪৮%

২৯. উৎপাদিত গ্যাস সবচেয়ে বেশি ব্যবহৃত হচ্ছে কিসে?
ক বিদ্যুৎ উৎপাদনে   খ সার কারখানায়
গ মিল ফ্যাক্টরিতে   ঘ আবাসনে

৩০. কোনটি সামাজিক অবকাঠামো?
ক বন্দর   খ সেচ ব্যবস্থা
গ জনস্বাস্থ্য   ঘ রাস্তাঘাট

৩১. উন্নত দেশের তুলনায় আমাদের দেশের মাথাপিছু আয় কম হওয়ার কারণ হলো—
i. কৃষি ও শিল্পের পাশাপাশি অবস্থান
ii. কাজের সুযোগ কম
iii. অধিক জনসংখ্যা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৩২. বাংলাদেশের মোট জাতীয় উৎপাদনে কোনটির অবদান সর্বাধিক?
ক কৃষি   খ মৎস্য
গ শিল্প   ঘ স্বাস্থ্য ও সেবা

৩৩. কোনটি অর্থনৈতিক উন্নয়নের প্রাথমিক শর্ত?
ক দক্ষ জনশক্তি   খ মূলধন গঠন
গ শিক্ষা বিস্তার   ঘ দক্ষ প্রশাসন

৩৪. দারিদ্র্যের দুষ্টচক্র ধারণাটির প্রবর্তক কে?
ক র‍্যাগনার নার্কস   খ অ্যাডাম স্মিথ
গ ডেভিড রিকার্ডো   ঘ জে.এম. কেইন্স

৩৫. বাংলাদেশের সর্ববৃহৎ বেসরকারি ক্ষুদ্র ঋণদান সংস্থা কোনটি?
ক টিএমএসএস   খ ব্র্যাক
গ আশা   ঘ প্রশিকা

৩৬. একটি দেশের মানুষকে পরনির্ভরশীল করে রাখে—
ক এনজিও   খ বিশ্বব্যাংক
গ দারিদ্র   ঘ বৈদেশিক সাহায্য

৩৭. কোনটি গ্রামীণ দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে?
ক স্বনির্ভর বাংলাদেশ
খ ব্যুরো বাংলাদেশ
গ পল্লী অবকাঠামো উন্নয়ন কর্মসূচি
ঘ শক্তি ফাউন্ডেশন

৩৮. বাংলাদেশ সরকারের আয়ের অন্যতম উৎস কোনটি?
ক আয়কর   খ আবগারি শুল্ক
গ ভূমি রাজস্ব   ঘ মূল্য সংযোজন কর

৩৯. দেশের প্রশাসনিক কাজকর্ম পরিচালনার জন্য ব্যয় করে—
ক সুষম বাজেট   খ মূলধন বাজেট
গ চলতি বাজেট   ঘ উদ্বৃত্ত বাজেট

৪০. কোন খাতগুলো সরকারের মূলধন বাজেটের আওতায় পড়ে?
ক শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি
খ শিল্প, স্বাস্থ্য ও যোগাযোগ
গ বিদ্যুৎ, পরিবহণ ও স্বাস্থ্য
ঘ কৃষি, বিদ্যুৎ ও শিল্প

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com